

তারিখঃ ২৭ শে জুন ২০০৩

প্রাপক,

মোঃ কামারুল আলম চৌধুরী  
প্রধান শিক্ষক, গাতিপাড়া মাধ্যমিক বিদ্যালয়  
গাতিপাড়া, সারসা, যশোর।

প্রেরক,

মোঃ আলমগীর হোসেন  
২/১৭৯ অবার্ন রোড  
মেলবোর্ণ, অস্ট্রেলিয়া।

বিষয়ঃ “প্রতিভা উন্নয়ন প্রকল্প ২০০২-০৩” এবং ধন্যবাদ জ্ঞাপন পত্র।

জনাব,

যথাবিহিত সন্মানপূর্বক নিবেদন, “প্রতিভা উন্নয়ন প্রকল্প ২০০২-০৩”-এর বাস্তবায়নে সুযোগ পেয়ে আমি যারপরনাই আপনার ও আপনার সহকর্মীদের কাছে আন্তরিকভাবে কৃতজ্ঞ। আমি আরো খুশী হয়েছি ষষ্ঠ শ্রেণীতে এতোগুলো ভালো ছাত্র-ছাত্রীর সমাবেশ দেখে। আশা করছি আগামী বছর থেকে এদের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাবে। আগামী বছর যাতে এই সুবিধা যেকোন ভালো ছাত্র-ছাত্রী পেতে পারে তার জন্য প্রত্যেক শিক্ষার্থীর মধ্যে প্রতিযোগিতার মনোভাব তৈরি করার জন্যে আপনার ও আপনার সহকর্মীদের দৃষ্টি আকর্ষণ করছি।

জুন মাস পর্যন্ত প্রকল্পের টাকা অনিবার্য কারণ বসতঃ এখনও পাঠাতে পারিনি, আশা করছি আগামী আগস্ট মাস পর্যন্ত হিসাবের খরচ আগস্ট মাসের শেষ নাগাত পাঠাতে পারবো। অনেচ্ছাকৃত সাময়িক অসুবিধার জন্যে আমি আন্তরিক ভাবে দুঃখিত।

পরিশেষে আপনার বিদ্যালয়ের সকল শিক্ষক/শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দের প্রতি রইল আমার অকৃত্রিম ভালোবাসা ও রক্তিম শুভেচ্ছা।

বিনীত

---

[আলমগীর হোসেন]